

ইন্সট্রাক্টর এর কার্যালয়, উপজেলা রিসোর্স সেন্টার, বরগুনা সদর, বরগুনা -এর কর্মসম্পাদনের সার্বিক
চিত্র

(Overview of the Performance of the Upazila Resource Centre, Barguna
Sadar, Barguna)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা :

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহঃ

প্রাথমিক শিক্ষার গুরুত্ব উপলব্ধি করে বর্তমান সরকার সমতাভিত্তিক ও মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণে নিবলস ভাবে কাজ করেছে। শিক্ষক ও শিক্ষার্থীর অনুপাত হ্রাস করণের লক্ষ্যে প্রাকপ্রাথমিক সহ নতুন শিক্ষক নিয়োগ প্রদান করা হয়েছে। শিক্ষার্থীদের স্বাস্থ্য সচেতন করে গড়ে তুলতে এবং শিক্ষার অনুকূল পরিবেশ সৃষ্টির লক্ষ্যে নলকূপ স্থাপন সহ ওয়াশরুম নির্মাণ করা হয়েছে। পাঠদানের অনুকূল পরিবেশ সৃষ্টির জন্য নতুন শ্রেণিকক্ষ নির্মাণ করা হয়েছে। বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণের লক্ষ্যে শতভাগ শিক্ষার্থীর মধ্যে বিনামূল্যের বইবিতরণ করা হয়েছে। তথ্য প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকল্পে একটি শ্রেণিকক্ষ ল্যাপটপ/মাল্টিমিডিয়া প্রজেক্ট রসহ ডিজিটা লাইজড করা হয়েছে। এছাড়া ঝরেপড়া রোধ সহপ্রাথমিক শিক্ষা শিক্ষাচক্র সফলভাবে সমাপনের লক্ষ্যে শিক্ষা সহায়তা কার্যক্রমের আওতায় প্রাপ্যতা যোগ্য সকল শিক্ষার্থীর জন্য মোবাইল ব্যাংকিংএর মাধ্যমে উপবৃত্তি প্রদান করা হচ্ছে। বিদ্যালয় ভিত্তিক উন্নয়ন পরিকল্পনা বিকেন্দ্রীকরণের অংশ হিসেবে বিদ্যালয়ে 'স্কুল লেভেল ইমপ্লুমেন্ট প্ল্যান (SLIP) বাস্তবায়ন করা হচ্ছে।

সমস্যা ও চ্যালেঞ্জসমূহ:

মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ, ঝরেপড়া হ্রাসকরণ এবং যে কোন ধরনের অনাকাঙ্খিত পরিস্থিতিতে স্বাভাবিক পাঠদান কার্যক্রম অব্যাহত রাখা। শিক্ষক নিয়োগ, ভবন/শ্রেণিকক্ষনির্মাণ, শিক্ষক-শিক্ষার্থী ও শ্রেণিকক্ষ-শিক্ষার্থীর কাঙ্ক্ষিত অনুপাত অর্জন এবং শিক্ষকগণকে গতানুগতিক পাঠদানের প্রবণতা পরিহার করে পদ্ধতি মাফিক পাঠদানে অভ্যস্ত করা। হতদরিদ্র পরিবারের শিশুদেরকে বিদ্যালয়ে পাঠদান কার্যক্রমে অংশগ্রহণের পরিবর্তে কর্মসংস্থানে নিয়োজিত করার প্রবণতা নিরূৎসাহিত করা।

ভবিষ্যৎ পরিকল্পনা:

যে কোন পরিবেশ পরিস্থিতি এবং সংকটকালীন সময়ে রিমোট লার্নিং প্ল্যাটফর্মের মাধ্যমে ব্লেন্ডিং পদ্ধতিতে পাঠদান কার্যক্রম স্বাভাবিক রাখা হবে। Civil Registration & Vital Statistics (CRVS) এর সাথে সম্পৃক্ততা বজায় রেখে সকল শিক্ষার্থীর ছবিসহ আইডি কার্ড ও ডাটাবেইজ প্রণয়নসহ ডিজিটাল শিক্ষার্থী হাজিরা ব্যবস্থাপনা নিশ্চিতকরণে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ঝরেপড়া ও স্কুলবহির্ভূত শিশুদের বিদ্যালয়ে ফিরিয়ে আনা এবং তাদের প্রাথমিক শিক্ষাচক্র সম্পন্ন করার জন্য সম্ভাব্য সকল উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সকল শিশুর মানসম্মত শিক্ষা নিশ্চিত করার জন্য সরকারের গৃহীত বিভিন্নমুখী পদক্ষেপে বাস্তবায়নের পাশাপাশি প্রাথমিক বিদ্যালয়ের সাথে স্থানীয় কমিউনিটিকে আরো বেশি সম্পৃক্ত করার উদ্যোগ গ্রহণ করা হবে।

২০২২-২৩ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- ১। প্রাপ্যতা যোগ্য সকল শিক্ষার্থীকে উপবৃত্তি প্রদান;
- ২। শিক্ষাবর্ষের শুরুতেই শিক্ষার্থীদের মধ্যে বিনামূল্যের পাঠ্যবই বিতরণ;
- ৩। সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে স্কুল লেভেল ইমপ্লুমেন্ট প্ল্যান (SLIP) বাস্তবায়ন;
- ৪। সকল দরিদ্র শিক্ষার্থীদের স্কুল ফিডিং এর আওতায় আনয়ন;
- ৫। পেশাগত দক্ষতা বৃদ্ধিতে শিক্ষকদের স্বল্প মেয়াদী এবং দীর্ঘ মেয়াদী প্রশিক্ষণ বাস্তবায়ন;
- ৬। বিদ্যালয় পর্যায়ে সহপাঠক্রমিক কার্যক্রম জোরদার করা;
- ৭। প্রাথমিক বিদ্যালয়ের সাথে স্থানীয় কমিউনিটিকে সম্পৃক্ত করা;